গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন-৩ শাখা

## স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের ডিসেম্বর /২০১৮ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোস্তাফা কামাল উদ্দীন<br>সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। |
| তারিখ | : | ২৬ ডিসেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ |
| সময় | : | বেলা ১০:০০ ঘটিকা |
| স্থান | : | সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। |
| উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য। |

সভাপতি সভায় উপস্থিত সকল কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভায় অতিরিক্ত সচিব (উন্নয়ন), অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), অতিরিক্ত সচিব (পুলিশ ও এনটিএমসি), অতিরিক্ত সচিব (রাজনৈতিক ও আইসিটি) অতিরিক্ত সচিব (আইন ও শৃঙ্খলা) সহ জননিরাপত্তা বিভাগের বিভিন্ন শাখার কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) সভার কার্যক্রম শুরু করেন।

২.০ আলোচনা :

সভাপতি সভায় জানান যে, একাদশ জাতীয় সংসদ নির্বাচনে দেশের আইন-শৃঙ্খলা ও জননিরাপত্তা রক্ষায় জননিরাপত্তা বিভাগ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করা থাকে। এ বিভাগের সঠিক দায়িত্ব পালনের উপর নির্ভর করে দেশের আইন-শৃঙ্খলা ও জননিরাপত্তা। তাই একাদশ জাতীয় সংসদ নির্বাচনে আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখাসহ নির্বাচন কমিশনকে সার্বিক সহযোগিতা করার জন্য সকল কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করেন।

২.২ সভায় কার্যপত্রের ধারাবাহিক আলোচ্যসূচি অনুযায়ী পেন্ডিং বিষয়াদি, জননিরাপত্তা বিভাগের অবকাঠামো উন্নয়ন, অধিনস্থ শাখা ও দপ্তর পরিদর্শন, ই-টেন্ডারিং ইত্যাদি নিয়মিত বিষয় উপস্থাপিত হয়। এসব আলোচ্যসূচির উপর বিস্তারিত আলোচনা হয়। সভায় উপস্থিত সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রাসঙ্গিক বিষয়ে আলোচনায় অংশগ্রহণ করেন।

**৩.০ বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নোলিখিত সিদ্ধান্ত গ্রহণ করা হয় :**

| সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|
| ৩. ১ গত নভেম্বর ২০১৮ মাসের কার্যবিবরণী সর্বসম্মতি ক্রমে অনুমোদন করা হয়। | প্রশাসন অনুবিভাগ, প্রশাসন অধিশাখা -৩ |
| ৩.২ জননিরাপত্তা বিভাগের অবকাঠামো উন্নয়নের অসমাপ্ত কাজ দ্রুত সম্পন্ন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রশাসন অনুবিভাগ/ প্রশাসন অধিশাখা-২ ও গণপূর্ত বিভাগ |
| ৩.৩ জননিরাপত্তা বিভাগের বিভিন্ন ক্রয় ই-টেন্ডারিং-এর আওতায় বাস্তবায়ন করতে হবে। | প্রশাসন-২ শাখা |
| ৩.৪ একাদশ জাতীয় সংসদ নির্বাচনে অর্পিত দায়িত্ব সঠিক ও যথাযথ ভাবে পালন করতে হবে। | অনুবিভাগ (সকল) |
| ৩.৫ সংশ্লিষ্ট অধিদপ্তর/সংস্থা সমূহের সাথে অনুবিভাগ প্রধানগণ সার্বক্ষনিক যোগাযোগ করে জাতীয় নির্বাচনে অর্পিত দায়িত্ব যথাযথ ভাবে পালনের ব্যবস্থা গ্রহণ করবেন। | অনুবিভাগ (সকল) |

**৪.০ বিগত সভাসমূহের সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:**

সভায় গত নভেম্বর ২০১৮ ও পূর্ববর্তী সমন্বয় সভায় গৃহীত নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয় :

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|
| ৪.১ | **পরিদর্শন :**<br>সচিবালয় নির্দেশমালায় বর্ণিত প্রমাপ অনুযায়ী শাখা/অধিশাখা পরিদর্শন করতে হবে। | সচিবালয় নির্দেশমালায় বর্ণিত প্রমাপ অনুযায়ী শাখাসমূহ পরিদর্শন করা হয়েছে। | |
| ৪.১.১ | জননিরাপত্তা বিভাগের যুগ্মসচিব ও তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাগণ কর্তৃক এবিভাগের প্রকল্পসমূহ পরিদর্শন করতে হবে। | জননিরাপত্তা বিভাগের যুগ্মসচিব ও তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাগণ কর্তৃক এবিভাগের প্রকল্পসমূহ পরিদর্শনের চলমান রয়েছে। | |

<table>
<tr><td>৪.২</td><td>পেন্ডিং বিষয়াদি দ্রুত নিষ্পত্তিকরণ :<br>(ক) সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও দপ্তরের সংগে নিয়মিত যোগাযোগ করে পেন্ডিং বিষয়াদি নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) অনুবিভাগ প্রধানের অনুমোদনক্রমে অনুবিভাগভিত্তিক পেন্ডিং তালিকা প্রেরণ করতে হবে।<br>(গ) পেন্ডিং এর তালিকা প্রেরণের সময় পেন্ডিং এর বিষয় উল্লেখ করতে হবে।</td><td>জননিরাপত্তা বিভাগের ৩৬টি শাখা/ অধিশাখা হতে পেন্ডিং বিষয়াদির বিবরণী পাওয়া গেছে। নিষ্পত্তির তথ্য চিত্র উপস্থাপিত হয়েছে যা এ সাথে সংযুক্ত।</td><td></td></tr>
<tr><td>৪.৩</td><td>জননিরাপত্তা বিভাগের বিভিন্ন ক্রয় চলতি ২০১৮-২০১৯ অর্থ বছরে ই-টেন্ডারিং-এর আওতায় বাস্তবায়ন করতে হবে।</td><td>জননিরাপত্তা বিভাগের বিভিন্ন ক্রয় চলতি ২০১৮-২০১৯ অর্থ বছরে ই-টেন্ডারিং-এর আওতায় কার্যক্রম চলমান রয়েছে :<table>
<tr><td>বিবেচ্য মাস</td><td>মোট টেন্ডারের সংখ্যা</td><td>ই-টেন্ডার এর সংখ্যা</td><td>ই-টেন্ডারের শতকরা হার</td></tr>
<tr><td>নভেম্বর/২০১৮</td><td>০০</td><td>০০</td><td>০০</td></tr>
</table></td><td></td></tr>
<tr><td>৪.৪</td><td>GRS সম্পর্কিত অভিযোগসমূহ নিয়মিতভাবে নিষ্পত্তি করতে হবে।</td><td><table>
<tr><td>মাসের নাম</td><td>বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা</td><td>বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা</td></tr>
<tr><td>নভেম্বর ২০১৮</td><td>৪০</td><td>৪০</td></tr>
</table></td><td></td></tr>
<tr><td>৪.৫</td><td><u>জনবল সংক্রান্ত:</u><br><u>বিজিবি</u><br>বিজিবির ১৫০০০ জনবলের মধ্যে ৪২৮২টি পদ সৃজন সংক্রান্ত কার্যক্রম দ্রুত সম্পন্ন করার জন্য অর্থ মন্ত্রণালয়ের ব্যয় নিয়ন্ত্রন বিভাগের সাথে যোগাযোগ অব্যহত রাখতে হবে।<br><u>আনসার</u><br>০২টি আনসার গার্ড ব্যাটালিয়নের ১২২৭টি পদ সৃজনের জন্য অর্থ বিভাগের সম্মতির জন্য প্রেরণ করতে হবে।<br><u>বাংলাদেশ পুলিশ</u><br>ইন্ডাস্ট্রিয়াল পুলিশের জনবল সৃজনের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় এর সাথে যোগাযোগ অব্যহত রাখতে হবে।</td><td><u>বিজিবি</u><br>বিজিবির চাহিদাকৃত ১৫০০০ জনবলের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয় ৪২৮২টি পদের সম্মতি গ্রহণ করা হয়েছে। বর্তমানে প্রস্তাবটি অর্থ বিভাগে অনুমোদনের অপেক্ষমান।<br><u>আনসার</u><br>আনসার গার্ড ব্যাটালিয়ন পদ সৃজনের জন্য অর্থ বিভাগে ১৮/১২/২০১৮ তারিখে সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অর্থ বিভাগের চাহিত তথ্য প্রদানের জন্য ২৪/১২/২০১৮ তারিখ আনসার ও ভিডিপিকে নির্দেশক্রমে অনুরোধ করা হয়েছে।<br><u>বাংলাদেশ পুলিশ</u><br>ইন্ডাস্ট্রিয়াল পুলিশের সাংগঠনিক কাঠামোতে নতুন ০৪টি জোন (সিলেট, কুমিল্লা, রাজশাহী ও মাতারবাড়ী তাপ বিদ্যুৎ কেন্দ্র, কক্সবাজার) এবং বিভিন্ন অর্থনৈতিক সাব-জোন গঠনসহ সাংগঠনিক কাঠামো সংস্কারের লক্ষ্যে ১৪১৬টি পদ সৃজন এবং ২৮৭টি যানবাহন টিওএন্ডইভুক্তকরণে সম্মতি প্রদানের জন্য অনুরোধ করা হলে জেলা/মেট্রোপলিটন পুলিশের শূন্য পদ পূরনের মাধ্যমে ইন্ডাস্ট্রিয়াল পুলিশের কার্যক্রম পরিচালনার জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় ০৬/১১/১৮ তারিখ অনুরোধ করেন। বিষয়টি পুনর্বিবেচনার জন্য ১৩/১২/১৮ তারিখ পুনরায় জনপ্রশাসন মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়।</td><td></td></tr>
</table>

৫.০ এ পর্যায়ে সমন্বয় সভার সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের মাধ্যমে জননিরাপত্তা বিভাগের কার্যক্রমকে আরও গতিশীল করার জন্য সভাপতি সকল কর্মকর্তাকে অধিকতর নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালনের জন্য নির্দেশ দেন। অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোস্তাফা কামাল উদ্দীন)
সচিব
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

# জননিরাপত্তা বিভাগের শাখা/অধিশাখাওয়ারী পেন্ডিং বিবরণী আলোচ্য মাস ঃ ডিসেম্বর/২০১৮

| ক্রঃ নং | শাখা/ অধিশাখার নাম | গত মাসের জের | আলোচ্য মাসে প্রাপ্তি | আলোচ্য মাসে নিস্পত্তি | মাসের শেষ কার্যদিবসে অনিস্পন্ন | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | এক সপ্তাহের অধিক অথচ দুই সপ্তাহের বেশি নহে | দুই সপ্তাহ অধিক অথচ এক মাসের অধিক নহে | এক মাসের অধিক | মোট | মন্তব্য |
| ১. | প্রশাসন-১ অধিশাখা | ০১ | ৭৬ | ৭৭ | ০০ | ০০ | ০০ | ০০ | |
| ২. | প্রশাসন-২ অধিশাখা | ০১ | ২০ | ২০ | ০০ | ০১ | ০০ | ০১ | |
| ৩. | প্রশাসন-৩ অধিশাখা | ০০ | ৩২ | ৩২ | ০০ | ০০ | ০০ | ০০ | |
| ৪. | বাজেট-১ শাখা | ০০ | ৭৪ | ৭৪ | ০০ | ০০ | ০০ | ০০ | |
| ৫. | বাজেট-২ শাখা | ০০ | ১৪ | ১৪ | ০০ | ০০ | ০০ | ০০ | |
| ৬. | হিসাব কোষ শাখা | | | | | | | | |
| ৭. | লাইব্রেরি শাখা | | | | | | | | |
| ৮. | আইসিটি সেল ও অধিশাখা | ০০ | ১৮৪ | ১৮৪ | ০০ | ০০ | ০০ | ০০ | |
| ৯. | রাজনৈতিক-১ অধিশাখা | ০০ | ৪০ | ৪০ | ০০ | ০০ | ০০ | ০০ | |
| ১০. | রাজনৈতিক-২ অধিশাখা | ০০ | ৮৫ | ৮৫ | ০০ | ০০ | ০০ | ০০ | |
| ১১. | রাজনৈতিক-৩ অধিশাখা | ০০ | ২৯ | ২৯ | ০০ | ০০ | ০০ | ০০ | |
| ১২. | রাজনৈতিক-৪ অধিশাখা | ০০ | ১৩২ | ১২৭ | ০৫ | ০০ | ০০ | ০০ | |
| ১৩. | রাজনৈতিক-৫ অধিশাখা | ০০ | ২৯ | ২৯ | ০০ | ০০ | ০০ | ০০ | |
| ১৪. | রাজনৈতিক-৬ অধিশাখা | ০০ | ৩৫ | ৩৫ | ০০ | ০০ | ০০ | ০০ | |
| ১৫. | তদন্ত সংস্থা অধিশাখা | | | | | | | | |
| ১৬. | নিরাপত্তা-২ অধিশাখা | ০০ | ৪৫৮ | ৪৫৮ | ০০ | ০০ | ০০ | ০০ | |
| ১৭. | পুলিশ-১ অধিশাখা | ০০ | ৬৫ | ৬৫ | ০০ | ০০ | ০০ | ০০ | |
| ১৮. | পুলিশ-২ শাখা | ০০ | ৫৪ | ৫৪ | ০০ | ০০ | ০০ | ০০ | |
| ১৯. | পুলিশ-৩ শাখা | ০০ | ২৫ | ২৫ | ০০ | ০০ | ০০ | ০০ | |
| ২০. | পুলিশ-৪ অধিশাখা | ০০ | ২৬ | ২৬ | ০০ | ০০ | ০০ | ০০ | |
| ২১. | পুলিশ-৫ শাখা | ০০ | ৪৬ | ৪৬ | ০০ | ০০ | ০০ | ০০ | |
| ২২. | র‍্যাব-১ অধিশাখা | ০০ | ১০ | ১০ | ০০ | ০০ | ০০ | ০০ | |
| ২৩. | র‍্যাব-২ অধিশাখা | ০০ | ০৬ | ০৬ | ০০ | ০০ | ০০ | ০০ | |
| ২৪. | এনটিএমসি-১ অধিশাখা | ০০ | ০৭ | ০৭ | ০০ | ০০ | ০০ | ০০ | |
| ২৫. | এনটিএমসি-২ অধিশাখা | ০০ | ০৪ | ০৪ | ০০ | ০০ | ০০ | ০০ | |
| ২৬. | আনসার-১ শাখা | ০৪ | ১০ | ১৪ | ০০ | ০০ | ০০ | ০০ | |
| ২৭. | আনসার-২ শাখা | ০১ | ২৪ | ২৪ | ০০ | ০০ | ০১ | ০১ | |
| ২৮. | সীমান্ত-১ শাখা | ০০ | ৫৮ | ৫৮ | ০০ | ০০ | ০০ | ০০ | |
| ২৯. | সীমান্ত-২ শাখা | ০০ | ৩৭ | ৩৭ | ০০ | ০০ | ০০ | ০০ | |
| ৩০. | সীমান্ত -৩ শাখা | ০৫ | ২৩ | ২৮ | ০০ | ০০ | ০০ | ০০ | |
| ৩১. | আইন-১ শাখা | ০০ | ৮৮ | ৮৮ | ০০ | ০০ | ০০ | ০০ | |
| ৩২. | আইন-২ অধিশাখা | ০১ | ৮১ | ৮১ | ০১ | ০০ | ০০ | ০১ | |
| ৩৩. | শৃঙ্খলা-১ অধিশাখা | ০০ | ০৩ | ০৩ | ০০ | ০০ | ০০ | ০০ | |
| ৩৪. | শৃঙ্খলা-২ অধিশাখা | ০০ | ২৫ | ২৫ | ০০ | ০০ | ০০ | ০০ | |
| ৩৫. | পরিকল্পনা-১ শাখা | ০০ | ৪৮ | ৪৮ | ০০ | ০০ | ০০ | ০০ | |
| ৩৬. | পরিকল্পনা-২ শাখা | ০০ | ২৮ | ২৮ | ০০ | ০০ | ০০ | ০০ | |
| ৩৭. | সিআরসিপি অধিশাখা | | | | | | | | |